গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খামার ব্যবস্থাপকের কার্যালয়

মৎস্য বীজ উৎপাদন খামার

মৌলভীবাজার

www.fsmf.moulvibazarsadar.moulvibazar.gov.bd

পত্র নং- ৩৩.০২.৫৮৭৪.৫০২.১০.০০১.২৪-৭৩ তারিখঃ ০৬-১১-২০২৫ খ্রি:

## নিলাম বিজ্ঞপ্তি

মৎস্য অধিদপ্তরের আওতাধীন খামার ব্যবস্থাপকের কার্যালয়, মৎস্য বীজ উৎপাদন খামার,মৌলভীবাজারের পরিত্যক্ত সীমানা প্রাচীর নিলামে বিক্রয়ের জন্য তফসিলে বর্ণিত যথাযথ কতৃপক্ষ কর্তৃক অকেজো ঘোষিত ও বিক্রয়ের জন্য অনুমোদিত হয়েছে। তারই ধারাবাহিকতায় বর্তমানে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় উক্ত সীমানা প্রাচীর বিক্রয়ের লক্ষে ক্রয়কারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত শর্তানুসারে নিম্নছকে বর্ণিত সীমানা প্রাচীরের দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয় | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ২ | সংস্থা | মৎস্য অধিদপ্তর |
| ৩ | বিক্রয়কারী সত্তার নাম | খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার,মৌলভীবাজার |
| ৪ | বিক্রয়কারী সত্তার উপজেলা ও জেলার নাম | সদর, মৌলভীবাজার |
| ৫ | দরপত্র পদ্ধতি | সীল্ড টেন্ডার |
| ৬ | কাজের নাম | মৎস্য বীজ উৎপাদন খামার,সদর,মৌলভীবাজার সীমানা প্রাচীর ভেঙ্গে অপসারন করা |
| ৭ | দরপত্র প্রকাশের তারিখ | ০৬/১১/২০২৫ খ্রি |
| ৮ | দরপত্র দাতার যোগ্যতা | (ক) দরপত্র দাতা ব্যক্তি/প্রতিষ্ঠান এর হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত কপি।<br>(খ) খামার ব্যবস্থাপক, মৎস বীজ উৎপাদন খামার, মৌলভীবাজার অনুকুলে জামানত এর পে-অর্ডার/ ডিডি।<br>(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।<br>(ঘ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি। |
| ৯ | দরপত্র সিডিউল সংগ্রহের শেষ তারিখ ও স্থান | ০৯/১১/২০২৫ খ্রি. তারিখ হতে ১৭/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মৌলভীবাজার কার্যালয় এবং জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার হতে সরাসরি বিনামূল্যে কাজের শর্ত ও নিয়মাবলী সহ শিডিউল সংগ্রহ করতে হবে। |
| ১১ | দরপত্র গ্রহণের শেষ তারিখ, সময় ও স্থান | ১৮/১১/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার |
| ১২ | দরপত্র খোলা এবং মুল্যায়নের তারিখ, স্থান ও সময় | ১৮/১১/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার দপ্তরের অফিস কক্ষ |
| ১৩ | কার্য সম্পাদনের সময় | কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে |

০৬/১১/২৫

শুভ্র সরকার

খামার ব্যবস্থাপক (অঃদাঃ)

খামার ব্যবস্থাপকের কার্যালয়

মৎস্য বীজ উৎপাদন খামার

মৌলভীবাজার

ইমেইল: fmmoulvibazar@fisheries.gov.bd

CamScanner

শর্ত ও নিয়মাবলী:

০১। নিলাম দরপত্রে অংশগ্রণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান তফসিল দাখিলের পূর্বে নিলাম তফসিলে বর্ণিত ব্যবহার অনুপযোগী ঘোষিত সীমানা প্রাচীর যে অবস্থায় আছে সে অবস্থায় সরেজমিন পরিদর্শন করে দর উদ্ধৃত করবেন। দরপত্র দাখিলের পর এ বিষয়ে কোন প্রকার আপত্তি বা দাবী গ্রহণযোগ্য হবে না।

০২। নিলাম দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% জামানত হিসাবে যে কোন তফশীলী ব্যাংক হতে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মৌলভীবাজার এর অনুকুলে পে অর্ডার/ডিডি আকারে দাখিল করতে হবে।

০৩। নিলাম দরপত্রের সিডিউলে উল্লেখিত সীমানা প্রাচীরের দর অংকে ও কথায় সুস্পষ্টভাবে উল্লেখ/লিখতে হবে । দরপত্র সিডিউলে স্বাক্ষর থাকতে হবে এবং সিডিউলে কোন প্রকার ঘষা মাজা বা কাটা কাটি, দ্বৈত অর্থ বোধক শব্দ সম্বলিত দর গ্রহণযোগ্য হবে না। এরুপ হলে সিডিউল বাতিল বলে গন্য হবে।

০৪। নির্ধারিত সময়রে মধ্যে নিলামকৃত সীমানা প্রাচীর অপসারনে ব্যর্থ হলে জামানত বাবদ প্রদত্ত ১০% অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। সীমানা প্রাচীর সন্তোষজনকভাবে অপসারন করার / র্কায সমাপ্তির পর ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার সুপারিশক্রমে জমাকৃত জামানত ফেরৎ প্রদান করা হবে।

০৫। যিনি সর্বোচ্চ নিলাম দরদাতা হিসেবে বিবেচিত হবেন, তিনি টাকা জমাদানের নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ এবং সরকারের বর্তমান প্রচলিত হারে ভ্যাট ও আয়কর (যা দরপত্র সিডিউলে উদ্ধৃত দরের অতিরিক্ত)ব্যাংকে জমা প্রদান করে চালান কপি মৎস্য বীজ উৎপাদন খামারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রদান করতে হবে।

০৬। উদ্ধৃত দরের সমুদয় অর্থ, প্রযোজ্য ভ্যাট ও আয়কর ইত্যাদি জমা প্রদান করে ও চুক্তিনামা সম্পাদন হওয়ার পর নিলামকৃত সীমানা প্রাচীরের মালামাল অপসারণের জন্য কার্যাদেশ প্রদান করা হবে এবং কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নিলামকৃত সীমানা প্রাচীরের মালামাল সরিয়ে নিজ দায়িত্বে নিয়ে যেতে হবে। উল্লেখিত সময় সীমার মধ্যে নিলামকৃত সীমানা প্রাচীরের মালামাল অপসারণ/সরিয়ে নিতে ব্যঁথ হলে আইনানুগ/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

০৭। আগামী ০৯/১১/২০২৫ খ্রি. তারিখ হতে ১৭/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মৌলভীবাজার কার্যালয় এবং জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার হতে নিলাম দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে।

০৮। আগামী ১৮/১১/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজারের দপ্তরে সংরক্ষিত দরপত্র বাক্সে দরপত্র সিডিউল দাখিল করা যাবে এবং ঐদিন ১৮/১১/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় আগ্রহী নিলাম দরদাতার (যদি কেহ উপস্থতি থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৯। নিম্নোক্ত কাগজপত্র নিলাম দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে:

(ক) দরপত্র দাতা ব্যক্তি/প্রতিষ্ঠান এর হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত কপি।

(খ) খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মৌলভীবাজারের অনুকুলে জামানত এর পে-অর্ডার/ ডিডি।

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

চ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

১০। তফসিল ভুক্ত কাজ শেষ করার জন্য কার্যাদেশে প্রদত্ত সময় সীমা সাধারণভাবে বর্ধিত করা যাবে না। তবে নিম্নস্বাক্ষরকারীর নিকট যুক্তিযুক্ত প্রতিয়মান হলে দরপত্রদাতার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে নির্ধারিত সময় সীমার মধ্যে অপসারণ কার্য সমাপ্ত করা সম্ভব না হলে সে ক্ষেত্রে যুক্তিসঙ্গত সময় বৃদ্ধি করা যাবে।

১১। তফসিলে বর্ণিত সীমানা প্রাচীর/স্থাপনা নিজ খরচে অপসারণ করতে হবে। অপসারণের জন্য লোকবল ও যন্ত্রপাতি দরদাতা যোগান দেবেন।

CS CamScanner

১২। সীমানা প্রাচীর অবকাঠামোর মাটির উপরে ও মাটির নিচের সমস্ত  ইট, সিসি আরসিসি প্রভৃতি সম্পূর্ণ অপসারণ করতে হবে। কোন কিছুই অবশিষ্ট রাখা যাবে না। এর ব্যতিক্রম হলে সরকার কর্তৃক প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। নিলামকৃত সীমানা প্রাচীর/স্থাপনার মালামাল অপসারণকালে যে কোন প্রকার ক্ষতি বা চুরির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেন না বা কোনভাবেই দায়ী করা যাবে না।

১৩। তফসিলভুক্ত অপসারণ কাজ চলাকালীন দরপত্রদাতা বা তার মনোনীত প্রতিনিধি বা তার নিয়োজিত শ্রমিক কর্তৃক অপসারণ এলাকায় বিদ্যমান সরকারি অবকাঠামোর বা সম্পদের কোন প্রকার ক্ষতি সাধিত হলে ক্ষতিগ্রস্থ সম্পদের বাজার মূল্যের দ্বিগুন হারে ক্ষতিপূরণ আদায় করা হবে।

১৪। দাখিলকৃত নিলাম দরপত্র মূল্যায়নের পর মুল্যায়ন প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ  হতে অনুমোদন লাভের পর চুক্তিপত্র সম্পাদিত হবে এবং সীমানা প্রাচীর/স্থাপনা অপসারণের কার্যাদেশ প্রদান করা হবে।।

১৫। সীমানা প্রাচীর/স্থাপনা অপসারণের সময় কোন প্রকার ঐতিহাসিক মূল্য সম্পন্ন প্রত্নতাত্তিক মালামাল পাওয়া গেলে তা খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মৌলভীবাজার দপ্তরে জমা দিতে হবে এবং পরবর্তীতে কর্তৃপক্ষ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

১৬। একাধিক নিলাম দরপত্রদাতার উদ্ধৃত দর সমান হলে লটারীর মাধ্যমে সর্বোচ্চ দরদাতা নির্বাচন করা হবে।

১৭। অসম্পূর্ণ এবং শর্তাধীন/শর্তযুক্ত নিলাম দর গ্রহণযোগ্য হবে না। নিলাম দরপত্র দাখিলের তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তণের সকল ক্ষমতা দরপত্র আহবানকারী সংরক্ষণ করেন।

১৮। কার্যাদেশ প্রদানের পূর্বে অকৃতকার্য দরপত্রদাতাগণকে তাদের দাখিলকৃত জামানত অগ্রিমের পে-অর্ডার/ডিডি ইত্যাদি ফেরৎ দেয়া হবে না।

১৯। নিলাম দরপত্র আহবানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক, জাল বা নকল নথি কাগজপত্র পাওয়া গেলে দরপত্র বাতিল বলে গন্য হবে।

২০। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। অত্র শর্তাবলীতে উল্লেখ নেই কিংবা শর্তাবলীর যে কোন শর্তের ব্যাপারে কোন জটিলতার সৃষ্টি হলে কিংবা কোন প্রশ্ন উত্থাপিত হলে সে বিষয়ে কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত নিলাম কমিটির এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২২। মুদ্রণ জনিত কারণে অত্র শর্তাবলীর যে কোন ভুলত্রটি সংশোনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিতরণ:

১। জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার
২। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর, মৌলভীবাজার
৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, মৌলভীবাজার
৪। উপসহকারী প্রকৌশলী,জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মৌলভীবাজার

নিলাম দরপত্র উম্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য হিসেবে ১৮.১১.২০২৫ খ্রি. ০৩:০০ ঘটিকায় নিলাম দরপত্র উম্মুক্তকরণ এবং মূল্যায়নের জন্য অনুরোধ করা হলো।

পত্র নং- ৩৩.০২.৫৮৭৪.৫০২.১০.০০১.২৪-৭৩

তারিখঃ ০৬-১১-২০২৫ খ্রি:

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। পরিচালক,মৎস্য অধিদপ্তর,সিলেট বিভাগ, সিলেট।
৩। উপপরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

CS CamScanner

৪। প্রকল্প পরিচালক, বিদ্যমান সরকারি মৎস্য খামার সমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)
৫। জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা,মডেল থানা, সদর, মৌলভীবাজার
৭। মৎস্যচাষ প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৮। মৎস্য বীজ উৎপাদন খামার,মৌলভীবাজার এর ওয়েব সাইটের নোটিশ বোর্ড।
৯। সম্পাদক, দৈনিক......, (আপনার পত্রিকায় বিজ্ঞাপন পাতায় বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ সহ)
১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।
১১। জেলা মৎস্য দপ্তর মৌলভীবাজারের নোটিশ বোড।
১২। মৎস্য বীজ উৎপাদন খামার, মৌলভীবাজার এর নোটিশ বোর্ড।
১৩। অফিস কপি।

শুভ্র সরকার
খামার ব্যবস্থাপক (অঃদাঃ)
খামার ব্যবস্থাপকের কার্যালয়
মৎস্য বীজ উৎপাদন খামার
মৌলভীবাজার
ইমেইল: fmmoulvibazar@fisheries.gov.bd

CamScanner